রাজশাহী বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ

১. আবীর কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা করে ১০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

আবীর কোম্পানি লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
শেয়ার মূলধন (৮,৫০,০০০ শেয়ার)		৮৫,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২৭,৫০০	১২,৫০০
ইজারা সম্পত্তি (১০ বছর)	১৫,০০০	
ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৭৫,০০০	১,৪০,০০০
ভূমি ও দালানকোঠা	৫০,০০০	
যন্ত্রপাতি	৫৫,০০০	
মজুরি	৫,০০০	
বেতন	১৫,০০০	
ভাড়া	৩,৫০০	

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
অনাদায়ী পাওনা	১,৫০০	
পণ্য ফেরত	৩,৮০০	
বিমা সেলামি	৬,০০০	
লভ্যাংশ প্রদান	১৫,০০০	
সংরক্ষিত আয় (০১-০১-২০১৪)		৪১,০০০
ব্যাংকে জমা	১০,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৩,৮০০
	২,৮২,৩০০	২,৮২,৩০০

সমন্বয়সমূহ: (i) সমাপনী মজুদ পণ্য ৩৫,৭৫০ টাকা। (ii) মজুরি বকেয়া ৭০০ টাকা এবং ভাড়া বকেয়া আছে ১,২০০ টাকা। (iii) প্রাপ্য হিসাবের উপর ১০% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। (iv) ভূমি ও দালানকোঠার উপর ৫% এবং যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করো। (v) সঞ্চিতি তহবিলে ৭,০০০ টাকা স্থানান্তর করতে হবে। (vi) কোম্পানির সিদ্ধান্ত মোতাবেক শেয়ার প্রতি ২ টাকা হারে লভ্যাংশ প্রদান করতে হবে।

ক. কোম্পানির মোট মুনাফা নির্ণয় করো। ২

খ. নিট মুনাফা ৫০,৫০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

গ. উক্ত তারিখে কোম্পানির মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ৪

সোনারগাঁও কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা করে ৯,০০০ শেয়ারে বিভক্ত ৯০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৪ সালে ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

সোনারগাঁও কোম্পানি লি.
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
যন্ত্রপাতি	৫০,০০০	
ভূমি ও দালানকোঠা	২৪,০০০	
আসবাবপত্র	৫,০০০	
মজুদ পণ্য (০১-০১-২০১৪)	১৬,০০০	
ক্রয়	১,৫০,০০০	
মজুরি	৫০,০০০	
পণ্য ফেরত	৬০০	
বেতন	২৫,৫০০	
বিমা সেলামি	২,৫০০	
সুনাম	৩২,০০০	
বিজ্ঞাপন	৬,০০০	
বহিঃপরিবহন	৭০০	
লভ্যাংশ প্রদান	৪,০০০	
প্রাপ্য হিসাব	১৫,০০০	
নগদ তহবিল	১০,০০০	
আয়কর	১২,০০০	
শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০ টাকা করে)		৭০,০০০
বিক্রয়		২,২৫,০০০
প্রদেয় হিসাব		৩৭,৩০০
৫% ঋণপত্র		৪০,০০০
সাধারণ সঞ্চিতি		৮,০০০
সংরক্ষিত আয় হিসাব উদ্বৃত্ত (০১.০১.১৪)		২৩,০০০
	৪,০৩,৩০০	৪,০৩,৩০০

নিম্নোক্ত সমন্বয়গুলো সাধন করা প্রয়োজন: (i) সমাপনী মজুদ পণ্য ৭৬,০০০ টাকা। (ii) ঋণপত্রের সারা বছরের সুদ বকেয়া আছে। (iii) বিজ্ঞাপন খরচের অর্ধেক বিলম্বিত করতে হবে। (iv) বেতন ১,০০০ টাকা বকেয়া আছে। (v) ১,৫০০ টাকার মনিহারি ক্রয় দ্বারা ক্রয় হিসাবকে ডেবিট করা হয়েছে। (vi) যন্ত্রপাতির উপর ১৫% অবচয় ধরতে হবে। (vii) সাধারণ সঞ্চিতি ১১,০০০ টাকায় বৃদ্ধি করতে হবে।

ক. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. মোট পরিচালন ব্যয় নির্ণয় করো। ৪

গ. মালিকানাস্বত্বের উদ্বৃত্ত ১,২০,২২২ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ বিভাগ

বুধ ও শুক্র একটি কারবারের দু'জন অংশীদার। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন ও মুনাফার অংশ সমন্বয়ের পর তাদের মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫৫,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা। পরে দেখা গেল যে, মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ এবং শুক্র এর জন্য প্রদেয় প্রতি মাসে ৩০০ টাকা হারে বেতন হিসাবভুক্ত হয়নি। তারা সমান হারে বণ্টনযোগ্য মুনাফা ১২,০০০ টাকা নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছিল। অংশীদারদের প্রত্যেকের উত্তোলনের পরিমাণ ছিল ৫,০০০ টাকা। উত্তোলনের উপর এক বছরের সুদ ধরতে হবে।

ক. অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. মূলধনের সুদ, মুনাফা অথবা ক্ষতির অংশ, বেতন, উত্তোলনের সুদ সংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

৪. বিক্রমপুর কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ার এবং ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ ১২% অগ্রাধিকারের শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ১০% অধিহারে ৬০,০০০ সাধারণ শেয়ার এবং ৫% অবহারে ২,৫০,০০০ টাকা; ১২% অগ্রাধিকার শেয়ার জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু করে। কোম্পানি ৭৫,০০০ সাধারণ শেয়ার এবং ৩,৭৫,০০০ অগ্রাধিকার শেয়ারের জন্য আবেদন পায়। নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা যথাযথ আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যাংক বহির্ভূত জাবেদা দেখাও। ২

খ. কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

৫. ক্রিসেন্ট ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ		টাকা	প্রদানসমূহ		টাকা
হাতে নগদ (০১.০১.১৪)		১৬,৫০০	বেতন		৭,৫০০
চাঁদা-২০১৩	৫০০		সাধারণ খরচ		৮৫০
২০১৪	১২,৪০০		আসবাবপত্র (০১.০৭.১৪)		৪,০০০
২০১৫	৬০০	১৩,৫০০	নাটক খরচ		২,৫০০
অনুদান		৭০০	স্থায়ী আমানত		৮,৫০০
পুরাতন কাগজ বিক্রয়		২৫০	মনিহারি		১,৫০০
নাটকের টিকেট বিক্রয়		১০,০০০	উদ্বৃত্ত (৩১.১২.১৪)		
বিনিয়োগের সুদ		২৫০	হাতে নগদ	১৩,৬০০	
			ব্যাংকে জমা	২,৭৫০	১৬,৩৫০
		৪১,২০০			৪১,২০০

২০১৪ সালের ১ জানুয়ারি ক্লাবের নিম্নোক্ত সম্পত্তি ও দায়সমূহ ছিল: আসবাবপত্র ১০,০০০ টাকা; যন্ত্রপাতি ১২,০০০ টাকা; দালানকোঠা ২৪,৫০০ টাকা; ব্যাংক ঋণ ৬,০০০ টাকা এবং ১০% বিনিয়োগ ৫,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি: (i) বেতন ২,০০০ টাকা বকেয়া ছিল। (ii) ২০১৪ সালের চাঁদা অনাদায়ী আছে ২,৫০০ টাকা। (iii) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করো।

ক. সমাপনী চলতি সম্পত্তি ও চলতি দায় নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. সমাপ্ত বছরের জন্য আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

৬. রহমান কোম্পানি লি.-এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেওয়া হলো :

রহমান কোম্পানি লি.
তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)

সম্পদসমূহ	টাকা		দায়সমূহ	টাকা	
	২০১৪	২০১৩		২০১৪	২০১৩
নগদ	৫২,০০০	১২,০০০	চলতি দায়	১,২০,০০০	৪৫,০০০
প্রাপ্য হিসাব	৭৫,০০০	৪৩,০০০	দীর্ঘমেয়াদি ঋণ	১,৫৫,০০০	
মজুদ পণ্য	১,০৫,০০০	৫৭,০০০	শেয়ার মূলধন	২,১০,০০০	১,৬৩,০০০
স্থায়ী সম্পত্তি	৩,০১,০০০	৯৬,০০০			

২০১৪ সালে কোম্পানির নিট লাভ ছিল ৫৫,০০০ টাকা এবং ৭,০০০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করেছিল। অবচয়ের পরিমাণ ছিল ১৫,০০০ টাকা। তাছাড়া কোম্পানি ২০১৪ সালের ২,২০,০০০ টাকার স্থায়ী সম্পত্তিও ক্রয় করেছিল যার জন্য কোম্পানিকে ১,৫৫,০০০ টাকার দীর্ঘমেয়াদি ঋণপত্র ইস্যু করতে হয়েছিল।

ক. উপরোক্ত আর্থিক অবস্থার বিবরণী হতে অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বিনিয়োগ এবং অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

৭. সাগুপতা ফ্যাক্টরি লি. এর নিম্নোক্ত তথ্য থেকে উৎপাদন ব্যয় সংক্রান্ত উপাদানসমূহ পাওয়া গেল :

বিবরণ	টাকা
ব্যবহৃত কাঁচামাল	৩৫,০০০
প্রত্যক্ষ মজুরি	৩০,০০০
কারখানা উপরিব্যয়	১০,০০০
প্রশাসনিক উপরিব্যয়	৫,০০০

উপরোক্ত তথ্যের ভিত্তিতে ভবিষ্যতে উৎপাদিত পণ্য যার কাঁচামাল বাবদ ব্যয় ১৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৪,০০০ টাকা।

ক. প্রত্যক্ষ মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় করো। ২
খ. বিক্রয়ের উপর ২৫% লাভ ধরে পণ্যটির বিক্রয় মূল্য নির্ধারণ করো। ৪
গ. দরপত্র বিবরণী তৈরি করে দরপত্র মূল্য নির্ণয় করো। ৪

৮. লিমা কোম্পানি লি.-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বৃত্ত ও অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদান করা হলো :

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	৭,০০,০০০	ভূমি ও দালানকোঠা	৬,০০,০০০
অগ্রাধিকার শেয়ার মূলধন	৩,০০,০০০	কলকব্জা	২,০০,০০০
সাধারণ সঞ্চিতি	২৭,০০০	আসবাবপত্র	৬৫,০০০
সংরক্ষিত আয়	৩০,০০০	মজুদ পণ্য	৩,০০,০০০
১২% ঋণপত্র	২,০০,০০০	প্রাপ্য হিসাব	৯০,০০০
প্রদেয় হিসাব	১,৫০,০০০	প্রাপ্য নোট	১,০০,০০০
প্রদেয় নোট	৪০,০০০	হাতে নগদ	১০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৬০,০০০	প্রাথমিক খরচাবলি	১,৪২,০০০
	১৫,০৭,০০০		১৫,০৭,০০০

ক. মালিকানাস্বত্ব নির্ণয় করো। ২
খ. মজুদসহ চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪
গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক অবস্থার উপর মন্তব্য করো। ৪

৯. এবিসি কোম্পানি একটি পণ্য বিক্রয় করে। কোম্পানির গত বছরের বিক্রয় ও ব্যয় নিম্নরূপ :

বিবরণ	মোট টাকা	একক প্রতি টাকা
বিক্রয়	১,২০,০০০	৪.০০
বাদ : পরিবর্তনশীল ব্যয়	৮৪,০০০	২.৮০
অনুদান প্রাপ্ত	৩৬,০০০	১.২০
বাদ : স্থায়ী খরচ	৩০,০০০	
নিট মুনাফা	৬,০০০	

ক. বিক্রয় এককের পরিমাণ নির্ণয় করো। ২
খ. একক ও টাকায় সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। ৪
গ. যদি অনুদান প্রাপ্ত অনুপাত ২৫% হয় তাহলে অনুদান প্রাপ্ত এবং সমচ্ছেদ বিন্দুতে বিক্রয়ের পরিমাণ কত টাকা হবে নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. **উত্তর : ক.** মোট লাভ ৮৩,২৬৮ টাকা। **খ.** মালিকানাস্বত্ব বিবরণীর যোগফল ১,৪৪,৫০০ টাকা। **গ.** মোট সম্পত্তি ১,৮১,০০০ টাকা।

২. **উত্তর : ক.** বিক্রিত পণ্যের ব্যয় ১,৩৮,৫০০ টাকা। **খ.** মোট পরিচালন ব্যয় ৪১,৭০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৭,৫০০ টাকা; অনিশ্চিত হিসাব ৬,৯৭৮ টাকা।

৩. **উত্তর : ক.** অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ ২৫০ টাকা। **খ.** ক্ষতির অংশ : বুধ ৪,১২৫ টাকা ও শুক্র ৪,১২৫ টাকা। **গ.** জাবেদার যোগফল ১৭,০০০ টাকা।

৪. **উত্তর : ক.** জাবেদার যোগফল ১,২৫,০০০ টাকা। **খ.** ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ৩০,৩৫,০০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩১,৬০,০০০ টাকা।

৫. **উত্তর : ক.** সমাপনী চলতি সম্পত্তি ১৯,১০০ টাকা ও চলতি দায় ২,৬০০ টাকা। **খ.** প্রারম্ভিক মূলধন তহবিল ৬২,৫০০ টাকা। **গ.** ব্যয়াতিরিক্ত আয় ১০,১০০ টাকা।

৬. **উত্তর : ক.** অনগদ লেনদেনের পরিমাণ ১৫,০০০ টাকা। **খ.** পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ ৬৫,০০০ টাকা। **গ.** সমাপনী নগদ তহবিল ৫২,০০০ টাকা।

৭. **উত্তর : ক.** প্রত্যেক মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার ৩৩.৩৩%। **খ.** বিক্রয়মূল্য ১,০৬,৬৬৭ টাকা। **গ.** দরপত্র মূল্য ৪৭,৮৮২ টাকা।

৮. **উত্তর : ক.** মালিকানাস্বত্ব ৯,১৫,০০০ টাকা। **খ.** চলতি অনুপাত ২ : ১ ও ত্বরিত অনুপাত ১.০৫ : ১। **গ.** কার্যকরী মূলধন অনুপাত ১ : ১ ও দায়-মালিকানা অনুপাত ০.৪৯ : ১।

৯. **উত্তর : ক.** বিক্রয় একক পরিমাণ ৩০,০০০ একক। **খ.** সমচ্ছেদ বিন্দু (একক) ২৫,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ১,০০,০০০ টাকা। **গ.** অনুদান প্রাপ্ত ৩০,০০০ টাকা; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ১,২০,০০০ টাকা।

রাজশাহী বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড : ২ ৫ ৪

১. পরোক্ষ পদ্ধতিতে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করতে কয়টি ধাপ অনুসরণ করা হয়?
(ক) একটি (খ) দুটি (গ) তিনটি (ঘ) চারটি

২. নিচের কোনটির মাধ্যমে প্রকৃত আয় জানা যায়?
(ক) আয় বিবরণীর মাধ্যমে (খ) রক্ষিত আয় বিবরণীর মাধ্যমে
(গ) নগদ প্রবাহ বিবরণীর মাধ্যমে
(ঘ) আর্থিক অবস্থার বিবরণীর মাধ্যমে

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:
সিমিমপুর কোম্পানি লি:-এর বিক্রয়ের পরিমাণ ৭,২০,০০০ টাকা, পরিচালন খরচ ৫০,০০০ টাকা, মোট লাভ ২,২০,০০০ টাকা এবং অপরিচালন আয় ২০,০০০ টাকা।

৩. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?
(ক) ৪,৫০,০০০ টাকা (খ) ৫,০০,০০০ টাকা
(গ) ৫,৭০,০০০ টাকা (ঘ) ৯,৪০,০০০ টাকা

৪. নিট লাভ অনুপাত কত?
(ক) ২৩.৬১% (খ) ২৬.৩৯%
(গ) ৩৩.৩৩% (ঘ) ৩৪.৭২%

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:
অটবি লি. এর বই থেকে নিম্নলিখিত তথ্যসমূহ নেয়া হয়েছে —
২০১৫
জানু.১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২০০ একক, প্রতি একক ৫০০ টাকা।
১০ মাল ক্রয় ৩৫০ একক প্রতি একক ৫২০ টাকা।
২০ মাল বিক্রয় ৪০০ একক প্রতি একক ৫৩০ টাকা।

৫. FIFO পদ্ধতিতে জানুয়ারি ২০ তারিখে বিক্রীত পণ্যের ব্যয় কত?
(ক) ২,০০,০০০ টাকা (খ) ২,০৪,০০০ টাকা
(গ) ২,০৭,০০০ টাকা (ঘ) ২,০৮,০০০ টাকা

৬. FIFO পদ্ধতির পরিবর্তে LIFO পদ্ধতিতে জানুয়ারি ২০ তারিখে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করলে কোম্পানির মুনাফা কি পরিমাণ হ্রাস পাবে?
(ক) ৩,০০০ টাকা (খ) ৫,০০০ টাকা
(গ) ৮,০০০ টাকা (ঘ) ১৩,০০০ টাকা

৭. একটি কোম্পানির নগদ তহবিল ৫,০০০ টাকা; ব্যাংকে জমার পরিমাণ ১০,০০০ টাকা; মজুদ পণ্য ৫,০০০ টাকা। কোম্পানির নিশ্চিত ত্বরিত অনুপাত কত?
(ক) ১.১৪ : ১ (খ) ১.১৭ : ১
(গ) ১.৩৩ : ১ (ঘ) ১.৪০ : ১

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:
জনাব এনামুল কবির একজন উকিল। তার প্রাপ্তি ও প্রদান হিসাবে প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত ছিল ১,৮০০ টাকা, প্রারম্ভিক ব্যাংকে উদ্বৃত্ত ছিল ৬,৩০০ টাকা, ১০% স্থায়ী আমানতের ৬ মাসের সুদপ্রাপ্তি ৫০০ টাকা ও বকেয়া খরচ পরিশোধ ৯০০ টাকা।

৮. জনাব কবিরের মূলধন তহবিল কত টাকা?
(ক) ৭,২০০ টাকা (খ) ৮,১০০ টাকা
(গ) ১২,২০০ টাকা (ঘ) ১৭,২০০ টাকা

৯. বছর শেষে জনাব কবিরের উদ্বৃত্তপত্রে সম্পদ পার্শ্বে কত টাকা যাবে?
(ক) ৫,০০০ টাকা (খ) ৫,৫০০ টাকা
(গ) ১০,০০০ টাকা (ঘ) ১০,৫০০ টাকা
[সঠিক উত্তর: ১৮,২০০ টাকা।]

১০. অপরিচালন আয় হল —
i. বিনিয়োগের সুদ　ii. সম্পদ বিক্রয়ের মুনাফা
iii. বিক্রয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. কোন বাজেট অনুসরণ করে উৎপাদন বাজেট তৈরি করা হয়?
(ক) ক্রয় বাজেট (খ) বিক্রয় বাজেট
(গ) নগদান বাজেট (ঘ) প্রত্যক্ষ মজুরি বাজেট

১২. জনি কোং-এর হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যসমূহ নেয়া হয়েছে: মোট বিক্রয় ৩,০০,০০০ টাকা, পরিবর্তনশীল ব্যয় ১,৮০,০০০ টাকা, মোট বিক্রীত পণ্য ২০,০০০ একক, স্থায়ী ব্যয় ৮০,০০০ টাকা। এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন কত?
(ক) ৬ টাকা (খ) ১১ টাকা
(গ) ১৩ টাকা (ঘ) ১৫ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৩-১৪নং প্রশ্নের উত্তর দাও।
নিশাত, মুসা ও কৌশিয়া একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। কারবারের লাভ-লোকসানের ½ অংশ নিশাত, ⅓ অংশ মুসা এবং ⅙ অংশ কৌশিয়া পায়। নিশাত ও মুসা যৌথভাবে কৌশিয়াকে এইমর্মে নিশ্চয়তা প্রদান করেছে যে, কৌশিয়া লাভের অংশ বাবদ কমপক্ষে ২৫,০০০ টাকা পাবে। বছর শেষে কারবারের লাভের পরিমাণ দাঁড়ায় ১,২০,০০০টাকা।

১৩. নিশাত, মুসা ও কৌশিয়ার লাভ-লোকসান বণ্টন অনুপাত কত?
(ক) ২ : ৩ : ৬ (খ) ৬ : ৩ : ২
(গ) ১ : ২ : ৩ (ঘ) ৩ : ২ : ১

১৪. কৌশিয়ার নিশ্চয়তার অর্থ ঠিক রাখতে নিশাতকে কত টাকা ছাড় দিতে হবে?
(ক) ২,০০০ টাকা (খ) ২,৫০০ টাকা
(গ) ৩,০০০ টাকা (ঘ) ৫,০০০ টাকা

১৫. ইভা কোম্পানি লি.-এর বিক্রয় ৬,৫০,০০০ টাকা; স্থির ব্যয় ৫০,০০০ টাকা; কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ২৫%। মুনাফার পরিমাণ কত?
(ক) ১,১২,৫০০ টাকা (খ) ১,৫০,০০০ টাকা
(গ) ১,৬২,৫০০ টাকা (ঘ) ১,৭৫,০০০ টাকা

১৬. প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ৪৫,০০০ টাকা; সমাপনী মজুদ ৩৫,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ১০,০০০ টাকা। মুখ্য ব্যয় কত?
(ক) ৩৫,০০০ টাকা (খ) ৪৫,০০০ টাকা
(গ) ৫৫,০০০ টাকা (ঘ) ৬০,০০০ টাকা

১৭. নিচের কোনটি সমচ্ছেদ বিন্দু (একক) নির্ণয়ের সূত্র?
(ক) $\frac{\text{এককপ্রতি অনুদান প্রান্ত}}{\text{স্থায়ী ব্যয়}}$
(খ) $\frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{এককপ্রতি অনুদান প্রান্ত}}$
(গ) স্থায়ী ব্যয় × এককপ্রতি অনুদান প্রান্ত
(ঘ) $\frac{\text{পরিবর্তনশীল ব্যয়}}{\text{এককপ্রতি অনুদান প্রান্ত}}$

১৮. মডার্ন কোম্পানির ২০১৪ সালের নিট লাভ ৭,০০,০০০টাকা। উক্ত বছরে প্রদেয় হিসাব বৃদ্ধি পায় ৩,০০,০০০ টাকা এবং প্রাপ্য হিসাব হ্রাস পায় ১,০০,০০০ টাকা। যদি প্রদেয় হিসাব হ্রাস পায় ও প্রাপ্য হিসাব বৃদ্ধি পায় তাহলে পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ আন্তঃপ্রবাহের পার্থক্য কত টাকা?
(ক) ৪,০০,০০০ টাকা (খ) ৫,০০,০০০ টাকা
(গ) ৯,০০,০০০ টাকা (ঘ) ১৪,০০,০০০ টাকা
[সঠিক উত্তর : ৮,০০,০০০ টাকা।]

১৯. উৎপাদন খরচের অন্তর্ভুক্ত হবে না—
i. উৎপাদন ব্যবস্থাপকের বেতন
ii. বিক্রয়কর্মীর বেতন
iii. হিসাবরক্ষকের বেতন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. মুনাফাবিহীন বিক্রয় আয় বিবরণী প্রস্তুতকালে—
i. ক্রয় হতে বাদ দিতে হবে
ii. সমাপনী মজুদ হতে বাদ দিতে হবে
iii. বিক্রয় হতে বাদ দিতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২১-২২নং প্রশ্নের উত্তর দাও।
সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৮০,০০০ টাকা যার ক্রয়মূল্য বাজারমূল্য অপেক্ষা ৫,০০০ টাকা কম, উক্ত সমাপনী মজুদ পণ্যের মধ্যে ১,০০০ টাকা অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে।

২১. সমাপনী মজুদ পণ্যের মূল্য কত?
(ক) ৭৪,০০০ টাকা (খ) ৭৫,০০০ টাকা
(গ) ৭৬,০০০ টাকা (ঘ) ৭৯,০০০ টাকা

২২. যদি সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য বাজারমূল্য অপেক্ষা ২,০০০ টাকা বেশি হয় তবে আর্থিক অবস্থার বিবরণীতে—
i. চলতি সম্পদ বৃদ্ধি পাবে　ii. মুনাফা বৃদ্ধি পাবে
iii. মালিকানা তহবিল বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও।
সানমুন লি.-এর ৩১শে ডিসেম্বর ২০১৪ সালের তথ্যসমূহনিম্নরূপ: নগদ বিক্রয় ৩,০০,০০০ টাকা, বাকীতে বিক্রয় ১,১০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৭,০০০ টাকা, বিক্রয় বাট্টা ৩,০০০টাকা এবং মোট মুনাফা ১,৭৫,০০০ টাকা।

২৩. মুনাফার শতকরা হার কত?
(ক) ৪২.৬৮% (খ) ৪২.৯৯%
(গ) ৪৩.৪২% (ঘ) ৪৩.৭৫%

২৪. যদি বিক্রয় ৪,৮০,০০০ টাকা হয় —
i. মোট মুনাফা বৃদ্ধি পাবে　ii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
iii. বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় =?
(ক) কারখানা ব্যয় (খ) বাণিজ্যিক ব্যয়
(গ) বিক্রীত পণ্যের ব্যয় (ঘ) মোট ব্যয়

২৬. নাসির কোম্পানির কার্যকরী মূলধন ৮,০০,০০০ টাকা, কারবারের চলতি অনুপাত ৩ : ১ হলে, চলতি সম্পদের পরিমাণ কত?
(ক) ৪,০০,০০০ টাকা (খ) ৬,০০,০০০ টাকা
(গ) ৮,০০,০০০ টাকা (ঘ) ১২,০০,০০০ টাকা

২৭. প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৬০,০০০টাকা। ক্রয়ের পরিমাণ কত?
(ক) ৩৫,০০০ টাকা (খ) ৪৫,০০০ টাকা
(গ) ৫০,০০০ টাকা (ঘ) ৭০,০০০ টাকা

২৮. তামিম ইকবাল ও মাশরাফি একটি অংশীদার কারবারের দু'জন অংশীদার। তাদের প্রত্যেকের প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৩০,০০০ টাকা। বছরের মাঝামাঝিতে প্রত্যেক আরো ১০,০০০ টাকা করে অতিরিক্ত মূলধন আনয়ন করেন। ৫% হারে অংশীদারদের মূলধনের মোট সুদের পরিমাণ কত?
(ক) ১,৭৫০ টাকা (খ) ২,০০০ টাকা
(গ) ৩,৫০০ টাকা (ঘ) ৪,০০০ টাকা

২৯. অংশীদারি কারবারের বকেয়া খরচ বাবদ দায় হিসাবভুক্তি বাদ পড়লে—
i. কারবারের মুনাফা বৃদ্ধি পাবে
ii. অংশীদারদের মূলধন বৃদ্ধি পাবে
iii. কারবারের সম্পদ বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. রকি একটি অংশীদারি কারবারের একজন অংশীদার। সে কারবার হতে প্রতি মাসে ৫% হারে ৪,০০০ টাকা করে উত্তোলন করেন। উত্তোলনের সুদের পরিমাণ কত?
(ক) ১,১০০ টাকা (খ) ১,২০০ টাকা
(গ) ১,৩০০ টাকা (ঘ) ২,৪০০ টাকা

৩১. প্রাপ্তি ও প্রদান হিসাবের উদ্বৃত্ত কী নির্দেশ করে?
(ক) মূলধন তহবিল (খ) মোট প্রাপ্তি
(গ) নগদ তহবিল (ঘ) মোট প্রদান

৩২. বেতন বিবরণীর উপাদানসমূহের মধ্যে কর্তন হলো—
i. বোনাস　ii. ভবিষ্যত তহবিল
iii. কল্যাণ তহবিল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. কোম্পানির মূলধনের ক্ষুদ্র এককে কি বলে?
(ক) ঋণপত্র (খ) স্টক (গ) বন্ড (ঘ) শেয়ার

৩৪. নিচের কোনটি আধা-পরিবর্তনশীল ব্যয়?
(ক) কাঁচামাল ক্রয় (খ) বিক্রয়কর্মীর বেতন
(গ) কারখানার বিদ্যুৎ বিল (ঘ) অফিস ভাড়া

৩৫. নিচের কোনটি চলতি দায়?
(ক) ঋণপত্র (খ) বন্ধকী ঋণ
(গ) শেয়ার অধিকার (ঘ) প্রদেয় বিল

৩৬. প্রদেয় বিল পরিশোধ করলে নগদ প্রবাহ বিবরণীর কোন অংশে প্রভাবিত হয়?
(ক) পরিচালন কার্যক্রম (খ) বিনিয়োগ কার্যক্রম
(গ) আয়-ব্যয় কার্যক্রম (ঘ) আর্থিক কার্যক্রম

৩৭. ১৫টি চেয়ারের উৎপাদন ব্যয় ১৮,০০০ টাকা। যদি কোম্পানি বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা করতে চায় তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত হবে?
(ক) ৯৬০ টাকা (খ) ১,২০০ টাকা
(গ) ১,৪৪০ টাকা (ঘ) ১,৫০০ টাকা

৩৮. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস হচ্ছে —
i. আজীবন সভ্যের চাঁদা　ii. সরকারি অনুদান
iii. সদস্যদের চাঁদা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও।
ডেভিড কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যে ১,০০,০০০ শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ৩০,০০০ শেয়ার ৩,৭০,০০০ টাকায় এবং ৫০,০০০ শেয়ার ৬,৪০,০০০ টাকায় বিলি করল।

৩৯. ডেভিড কোম্পানির মোট অধিহারের পরিমাণ কত?
(ক) ৭০,০০০টাকা (খ) ১,৪০,০০০ টাকা
(গ) ২,১০,০০০ টাকা (ঘ) ২,৭০,০০০ টাকা

৪০. মোট বিলিকৃত মূলধনের পরিমাণ কত?
(ক) ৩,০০,০০০ টাকা (খ) ৫,০০,০০০ টাকা
(গ) ৮,০০,০০০ টাকা (ঘ) ১০,১০,০০০ টাকা

উত্তরমালা

১	গ	২	ক	৩	খ	৪	খ	৫	খ	৬	ক	৭	খ	৮	ঘ	৯	*	১০	ক	১১	খ	১২	ক	১৩	ঘ	১৪	গ	১৫	ক	১৬	ক	১৭	খ	১৮	*	১৯	গ	২০	ঘ
২১	ক	২২	খ	২৩	ঘ	২৪	ক	২৫	ক	২৬	ঘ	২৭	গ	২৮	গ	২৯	ক	৩০	গ	৩১	গ	৩২	গ	৩৩	ঘ	৩৪	গ	৩৫	ঘ	৩৬	ক	৩৭	ঘ	৩৮	খ	৩৯	গ	৪০	গ